

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/ ২০ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৬৪-আইন/২০২৪/৯৩/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় কাস্টমস শুল্ক ২৫% (পঁচিশ শতাংশ) হইতে হ্রাস করিয়া ১৫% (পনেরো শতাংশ), রেগুলেটরি শুল্ক ২৫% (পঁচিশ শতাংশ) হইতে হ্রাস করিয়া ৫% (পাঁচ শতাংশ) নির্ধারণ করিল এবং সমুদয় আগাম কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

TABLE

Heading	H. S. Code	Description of Goods
(1)	(2)	(3)
10.06	1006.30.99	Boiled Rice (except aromatic rice)
		Non-Boiled Atap Rice (except aromatic rice)

(২৭৫৪৩)

মূল্য : টাকা ৪.০০

শর্ত

এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতি হারে চাল আমদানির পূর্বে প্রত্যেক চালানের জন্য খাদ্য মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত অনূ্যন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা হইতে লিখিত অনুমোদন গ্রহণ করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd